আজকের কাগজ

তারিখ 31 MAR 199?
পৃষ্ঠা ৪ কলাম ৪

৯০

## আর্থিক সঙ্কট শিক্ষা উপকরণের মূল্য বৃদ্ধি

# কুমিল্লায় দেড় লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

দেলোয়ার হোসেন, কুমিল্লা : জেলার দেড় লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত। জেলার ১২টি উপজেলার ১১টিতে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার বয়সী শিশুর সংখ্যা ৬ লাখ, ৩১ হাজার ৫শ' ৭৫ জন। এর মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার সুযোগ পায় ৪ লাখ ৮৮ হাজার ২১৫ জন, বাকী ১ লাখ ৪৩ হাজার ৩৬০ জন বিদ্যালয়ে যাওয়ার সুযোগ পায় না। এর মূল কারণ হচ্ছে, বিদ্যালয়ের স্বল্পতা, আর্থিক অনটন, সচেতনতার অভাব এবং শিক্ষা উপকরণের মূল্য বৃদ্ধি। কুমিল্লা জেলার ১১টি উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে সরকারি ১ হাজার ৩শ' ৩৩টি এবং বেসরকারি ২শ' ৭৩টি। নিম্নে ১১টি উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে যাবার শিশুর সংখ্যা এবং কতজন ভর্তি হয়েছে ও কতজন প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হয়েছে তা উপজেলা ওয়ারী উল্লেখ করা হলো। কুমিল্লা সদর উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার বয়সী শিশুর সংখ্যা হচ্ছে ৭০ হাজার ৭শ' ৬৩ জন। এদের মধ্যে বিদ্যালয়ে যেতে পারছে ৫৯ হাজার ৫শ' ৬৯ জন। বিদ্যালয়ে যেতে পারছে না ১১ হাজার ১শ' ৯৪ জন। দাউদকান্দী উপজেলায় স্কুল বয়সী শিশুর সংখ্যা হচ্ছে ৭৫ হাজার ৮২৪ জন, স্কুলে যেতে পারছে ৫৩ হাজার ৯৭১ জন। স্কুলে যাওয়া থেকে বিরত রয়েছে ২১ হাজার ৮৫৩ জন। ব্রাহ্মণপাড়া উপজেলার ৩১ হাজার ৭শ' ৫৪ জন শিশুর মধ্যে স্কুলে ভর্তি সংখ্যা ২৪ হাজার ৮শ' ৬৫ জন, স্কুলে ভর্তি হতে পারেনি ৬ হাজার ৮শ' ৮৯ জন, চান্দিনা উপজেলায় প্রাথমিক বিদ্যালয় যাওয়ার বয়সী শিশুর সংখ্যা হচ্ছে ৪২ হাজার ১শ' ৭২ জন। এর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ৩৩ হাজার ৪শ' ৮০ জন। বিদ্যালয়ে যাওয়া থেকে বঞ্চিত হচ্ছে ৮ হাজার ৬৬২ জন। বুড়িচং উপজেলার স্কুল বয়সী শিশুর সংখ্যা হচ্ছে ৫০ হাজার ৮শ' ৪০ জন। এর মধ্যে স্কুলে যায় ৪২ হাজার ২শ' ৭৪ জন। স্কুলে যেতে পারে না শিশুর সংখ্যা ৮ হাজার ৫৬৬ জন। নাঙ্গলকোট উপজেলার ৫০ হাজার ৫০ জন শিশুর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ৪০ হাজার ৪শ' ৪১ জন। এদের মধ্যে বিদ্যালয়ে যেতে পারে না ৯ হাজার ৬শ' ৯ জন। বরুড়া উপজেলায় বিদ্যালয়ে যাওয়ার উপযোগী শিশুর সংখ্যা হচ্ছে ৫৩ হাজার ৬০১ জন। বিদ্যালয়ে যায় ৪৫ হাজার ৮শ' ৫৭ জন। বিদ্যালয়ে যায় না ৭ হাজার ৭শ' ৪৪ জন। হোমনা উপজেলায় স্কুল বয়সী শিশুর সংখ্যা ৩১ হাজার ৬শ' ৫৯ জন। স্কুলে ভর্তি হয়েছে ১৭ হাজার ১শ' ৫৯ জন, স্কুলে ভর্তি হতে পারেনি ১৪ হাজার ৫শ' জন। মুরাদনগর উপজেলায় স্কুলে যাওয়ার মতো শিশু হচ্ছে ৭৫ হাজার ১শ' ৭৩ জন, স্কুলে যাচ্ছে ৫০ হাজার ১৪ জন। বিরত রয়েছে ২৫ হাজার ১৫৯ জন। লাকসাম উপজেলায় বিদ্যালয়ে যেতে পারে শিশুর সংখ্যা ৯১ হাজার ৭শ' ৪০ জন। বিদ্যালয়ে যায় ৭২ হাজার ৪শ' ৮৫ জন। বিদ্যালয়ে যেতে পারে না ১৯ হাজার ২শ' ৫৫ জন। চৌদ্দগ্রাম উপজেলায় স্কুল বয়সী শিশু রয়েছে ৫৮ হাজার ৫শ' ৯৯ জন। স্কুলে যায় ৪৮ হাজার ১শ' জন। স্কুলে যেতে পারে না ১০ হাজার ৪৯৯ জন। জেলার দেবীদ্দার উপজেলার হিসেবটা পাওয়া যায়নি।